

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮. ২৮৫২

তারিখ: ১১ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: ঝিনাইদহ জেলাধীন কোর্টচাঁদপুর উপজেলার মাঠপাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতির (সমিতি আইডি নং- ৪০১৪৪২-১৪) ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ রাখা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়” প্রকল্পের আওতায় ঝিনাইদহ জেলাধীন কোর্টচাঁদপুর উপজেলার মাঠপাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতির (সমিতি আইডি নং- ৪০১৪৪২-১৪) ২৯ জন সদস্য বিগত ২৬/০৭/২০২৩ খ্রি: তারিখে ৮,৭০,০০০/- টাকা ঋণ গ্রহণ করেন। সমিতির সদস্যগণ কর্তৃক ঋণ গ্রহণের সময় সাপ্তাহিক ভিত্তিতে সঞ্চয় ও ঋণের কিস্তি পরিশোধ করার শর্ত থাকলেও সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায়, সমিতির সদস্যরা ঋণ প্রাপ্তির পর শর্তমোতাবেক সাপ্তাহিক ভিত্তিতে সঞ্চয় ও ঋণের কিস্তি পরিশোধ না করে মেয়াদের শেষ পর্যায়ে এককালীন ঋণ পরিশোধ করেছেন। এছাড়া অনেক সদস্য নির্ধারিত সময়ের মধ্যে ঋণ পরিশোধ করেননি, যা প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ৫ম পরিচ্ছেদের ৫.১৫ বহির্ভূত। এতে প্রতীয়মান হয় যে, সুফলভোগী সদস্যগণ আইজিএ ভিত্তিক কোন কর্মকান্ডে গৃহিত ঋণ ব্যবহার করেন না।

এমতাবস্থায়, প্রকল্পের সফলতার ধারাবাহিকতা রক্ষার স্বার্থে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ৫ম পরিচ্ছেদের ৫.১৫ অনুচ্ছেদ বহির্ভূত হওয়ায় মাঠপাড়া পল্লী উন্নয়ন মহিলা (সমিতি আইডি নং- ৪০১৪৪২-১৪) সমিতিতে ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বর্ণিত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে উক্ত সমিতিতে ঋণ বিতরণ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

মোঃ আবদুস সবুর
উপপ্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০১০৩৪২

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
কোর্টচাঁদপুর, ঝিনাইদহ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/হিসাব সহকারী (ইরেসপো), কোর্টচাঁদপুর, ঝিনাইদহ।
৬. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।